বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
এটিএম (সদর দপ্তর) অধিশাখা
www.caab.gov.bd

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.১৪৪.০২.০০১৮.২১.১১৬

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০১ মে ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **নিয়ম বহির্ভূতভাবে নির্মিত ভবন/স্থাপনার অনোনুমোদিত অংশ অপসারণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, হশাআবি বিমানবন্দর ওএলএস এর অন্তর্ভুক্ত এলাকায় অবস্থিত লা-মেরিডিয়ান ঢাকা, প্লট-৭৯/এ, জোয়ারসাহারা বাণিজ্যিক এলাকা, রোড নং-২১, নিকুঞ্জ-০২, ঢাকা-১২২৯। ভৌগলিক স্থানাংক ২৩°৫০'১১.৩৫" উত্তর, ৯০°২৫'০৪.৫৪" পূর্ব, উক্ত ভবনটির ওএলএস এর নিয়ম অনুসারে প্রাপ্য উচ্চতা ১৫০ ফুট। সিএএবি কর্তৃপক্ষের নির্দেশে একটি টিম ভবনটি সরেজমিনে পরিদর্শন করে এবং ভবনের আনুমানিক উচ্চতা ১৮০ ফুট হবে মর্মে প্রতীয়মান হয়। উল্লেখ্য যে, লা-মেরিডিয়ান কর্তৃপক্ষের নিকট সিএএবি হতে প্রদত্ত উচ্চতার ছাড়পত্র চাওয়া হলে যে ছাড়পত্র সরবরাহ করেন সেটি একটি জাল ছাড়পত্র (কপি সংযুক্ত)। উক্ত স্থানে সিএএবি কর্তৃক উচ্চতার ছাড়পত্র প্রদান করার কোন প্রমাণ পাওয়া যায় নি।
ভবনটির অতিরিক্ত ৩০ ফুট উচ্চতা বিমান উড্ডয়ন ও অবতরণে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে এবং ICAO Annex-14, CAAB ANO (AD) A1 এর নিয়মকে লঙ্ঘন করে।

এমতাবস্থায়, নিয়ম বহির্ভুত ভাবে নির্মিত উক্ত ভবনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০১-০৫-২০২৫
এয়ার ভাইস মার্শাল মোহাম্মদ মঞ্জুর কবীর ভূঁইয়া
চেয়ারম্যান
০২৪১০৯১০০০ (ফোন)
+৮৮০২৪১০৯১১১১ (ফ্যাক্স)
chairman@caab.gov.bd

চেয়ারম্যান
চেয়ারম্যান-এর দপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)।

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.১৪৪.০২.০০১৮.২১.১১৬/১ (১)

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০১ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। উপ-পরিচালক (সিএনএস), সিএনএস বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

০১-০৫-২০২৫
এয়ার ভাইস মার্শাল মোহাম্মদ মঞ্জুর কবীর ভূঁইয়া
চেয়ারম্যান

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

স্মারক নং-সিএএবি/১৫০১/২১/এটিএস/২৭

তারিখ ঃ ১২--১০-১৪০৫ বং। / ২৫-০১-১৯৯৯ খৃঃ।

প্রতি
চেয়ারম্যান
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা-১০০০।

বিষয় ঃ নিকুঞ্জ এলাকা ৩০(ত্রিশ) তলা ভবন নির্মানের উচ্চতার ছাড়পত্র প্রদান প্রসংগে।

উপরোক্ত বিষয়ে মেসার্স ইন্‌কনট্রেড এর ৩১-১০-৯৮খৃঃ তারিখের পত্রের বরাতে জানানো যাইতেছে যে, জোয়ারসাহারা নিকুঞ্জ এলাকায় বাণিজ্যিক প্লট নং-৭৯ এ এর উপর এরোড্রোম লেভেল হইতে সর্বোচ্চ ১৮০ (একশত আশি) ফুট উচ্চতা পর্যন্ত অবকাঠামো (পানির ট্যাংক, এন্টিনা, লিফট ইত্যাদিসহ) নির্মানে অত্র কর্তৃপক্ষের কোন আপত্তি নাই।

২৫।১।৯৯
পরিতোষ কুমার হালদার
সহকারী পরিচালক (এটিএস),
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

অনুলিপি ঃ-
১। চেয়ারম্যান, ইন্‌কনট্রেড, সেনা কল্যান ভবন (১৮ তলা), ১৯৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।